দামুড়হুদায় মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা

দামুড়হুদায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান এর সাথে উপজেলা লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় উপজেলা লোকমোর্চার সদস্যগণ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর সাথে প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সেলিনা আক্তার, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, প্রচার সম্পাদক হাবিবুর রহমান, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, আরিফুল ইসলাম মিলন, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান প্রমূখ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদা লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন পরিষদে লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে নতিপোতা ইউনিয়ন পরিষদে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সদস্যগণ, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী এর সাথে ইউনিয়ন পরিষদ প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সভাপতি হাজী রবিউল হাসানের সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী। এসময় চেয়ারম্যান লোকমোর্চা প্রতিনিধিদের ভাতা প্রদান যাচাই-বাছাই কমিটিতে যুক্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ওয়ার্ড পর্যায়ে সঠিক তালিকা তৈরি করে ইউপি সদস্যদের কাছে প্রদানের জন্য আহ্বান জানান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান। নতিপোতা ইউনিয়ন লোকমোর্চার সহ-সভাপতি মোহাম্মদ আলী, যুগ্ন সাধারণ সম্পাদক তানজুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক মামুনুর রশিদ, প্রচার সম্পাদক মোস্তাফিজুর রহমান,ধর্ম বিষয়ক সম্পাদক মুজিবুর রহমান,পরিবেশ বিষয়ক সম্পাদক এরশাদ আলী,ক্রিড়া বিষয়ক সম্পাদক আবু জাফর,দপ্তর সম্পাদক মিজানুর রশিদ নতিপোতা ইউনিয়ন পরিষদের ইউনিয়ন সচিব সুজাল আলী, ইউপি সদস্য, মতিয়ার রহমান,আক্তার শেখ,মিজানুর রহমান,মফিজুর রহমান,শওকত আলী, জাহাঙ্গীর আলম, হালিমা খাতুন,নাছরিন খাতুন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।